



Daffodil
International
University

Assignment on Art Of Living

Submitted by:

Name: Mst.Fariha Akter

ID: 211-15-3978

Department: CSE

Section: PC-A

Daffodil International University

Submitted to:

Name: Muhammad Sajidul Islam

Lecturer

Dept. of GED

Daffodil International University

Submitted on 19th October 2021

“শিক্ষার মাইন্ডসেটে প্রয়োজন যে পরিবর্তন”

মানুষের সবচেয়ে বড় অস্ত্র হলো তার নিজের মানসিকতা। তার নিজের ইচ্ছা শক্তি। কেননা ইচ্ছাশক্তি যদি কারো প্রবল হয়, তবে সে সবকিছু করতে পারে। এই ইচ্ছাশক্তিকেই আমরা বলতে পারি মাইন্ডসেট করার প্রথম ধাপ।

প্রবন্ধক এখানে সুন্দর সুন্দর এসব মাইন্ডসেট এর উদাহরণ দিয়েছেন। এই ময়রার সন্তান, জেলের সন্তান, একজন কিশোরের মাঝি হওয়ার ইচ্ছা। আসলেই এদের মাইন্ডসেট সেই ছোট থেকেই সেট করা ছিল। এদের লক্ষ্য ছিলো নির্ধারিত। এরা কি করবে বা কি করতে চায়, এ বিষয়ে এদের আগ্রহের সৃষ্টি হয়েছে সেই প্রথম থেকেই। তাই তারা তাদের কাজে একটা প্রশান্তির অনুভূতি রাখে। তারা তাদের লক্ষ্যের বিষয়ে নিশ্চিত ছিল। এজন্য তারা তাদের সফলতা অর্জন করতে পারবে বা পেরেছে। কারণ তাদের মাইন্ডসেট। এইটাই তাদের লক্ষ্য পৌঁছাতে একটা অনুপ্রেরণা যুগিয়েছে।

কিছুটা এমন যে, "হ্যাঁ আমি এইটাই চাই আর আমি পারবোই।" আমরা অনেক প্রবাদ শুনে থাকি। যেমন, "ইচ্ছা থাকলেই উপায় হয়।" আবার আরেকটা হলো, "অনুশীলন একটি মানুষকে নিখুঁত করে তোলে।" আসলেই দক্ষতার জন্য সর্বপ্রথম প্রয়োজন নিজের মাইন্ডসেট করা। কেননা নিজের কাজের মাঝে সুনিশ্চয়তা থাকাটা আবশ্যিক। কেননা এইটা থাকলেই অনুশীলনটা সম্ভব।

নিজের আগ্রহ বজায় রাখা সম্ভব। তবে বর্তমান শিক্ষা ব্যবস্থার মাঝে এর ছিটেফৌটাও নেই। আমাদের ভালো চাকরি লাগবে এজন্য আমরা ভালো সাবজেক্ট খুঁজি। সে বিষয়ে আমাদের আগ্রহ আছে কি নেই, সে বিষয়ে আমাদের কোনো ধারণা নেই। কোন বিষয়ের চাকরি বেশি, কোন বিষয়ে চাকরির বেতন বেশি, সেটা নির্বাচন করি সবার প্রথমে। তাই এখানে আমাদের মাইন্ডসেট থাকে প্রয়োজনের উপর, মনের প্রশান্তি এতে যুক্ত নয়। যার ফলে দেশে দক্ষ জনশক্তির বড় অভাব। প্রকৃত অর্থে কেউই দক্ষতা অর্জন করেনা। দক্ষতা আসে নিজের অনুশীলন থেকে। একজন মানুষ যে শুধু এক বিষয়েই দক্ষ থাকবে তা নয়। এর জন্য শুধু প্রাতিষ্ঠানিক শিক্ষা বা নির্দিষ্ট সার্টিফিকেট প্রয়োজন পড়ে না।

আমরা সবাই শুধু একটা ডিগ্রী নিয়ে বিশ্ববিদ্যালয় থেকে বের হতে উঠে পরে লাগি। আর এক সময়ে এগুলোই আমাদের প্যারা লাগে। শিক্ষার রস আমরা পাইনা। একটা মধুর স্বাদ যে শিক্ষাতেও আছে, নতুন নতুন জিনিস শিখার মাঝে আছে একটা বিশাল আনন্দ, তা আমরা অনুভব করতে ব্যর্থ।

এদিকে আমাদের সমাজে সবাই বলে বেড়াই চাকরি নেই। আবার নিয়োগদাতা প্রতিষ্ঠান বলে জনবল নেই। তাই সর্ব প্রথম কাজ হলো নিজের মাইন্ডসেট ঠিক করা। শিক্ষার্থীদের মাইন্ডসেট ঠিক করতে যেমন হবে, তেমনি তাদের যারা মাইন্ডসেট ঠিক করবে, তাদেরও আগে নিজের মাইন্ড ঠিক করতে হবে। একটা পারফেক্ট মাইন্ডসেট আমাদের থাকলে আমরা অনেক কিছু অসম্ভবকেও সম্ভব করে ফেলতে পারি অনায়াসেই।